



১৭ নভেম্বর ২০২৪

সংবাদ বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষার ফল প্রকাশ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ২০২২ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষার ফলাফল একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেটের অনুমোদন সাপেক্ষে আজ ১৭ নভেম্বর ২০২৪ তারিখ ঘোষণা করা হয়েছে। এ পরীক্ষায় ৩১টি বিষয়ে ৮৪৬ (আটশত ছেচল্লিশ) টি কলেজের ২,৬৫,৩৯৭ (দুই লক্ষ পঁয়ষট্টি হাজার তিনশত সাতানব্বই) জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে। পরীক্ষার গড় পাসের হার ৭০ শতাংশ। পরীক্ষার ফলাফল জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (results.nu.ac.bd অথবা www.nubd.info/results) এ সন্ধ্যা ০৬:০০ টায় পাওয়া যাবে। উল্লেখ্য, ০৪ বছরের সমন্বিত ফলাফল (CGPA) আগামী সপ্তাহে প্রকাশ করা হবে। প্রকাশিত ফলাফলে কোন প্রকার অসঙ্গতি বা ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন অথবা ফলাফল সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

বার্তা প্রেরক

মোঃ মোস্তাফিজুর রহমান
পরিচালক (ভারপ্রাপ্ত)
জনসংযোগ দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়